রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৫ই আষাঢ় ১৩৯৮ বাং/২০শে জুন, ১৯৯১ ইং

এস, আর, ও ১৮৮-আইন/৯১/৪ মূসক:—মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (১৯৯১ সনের ২৬ নং অধ্যাদেশ) এর ধারা ৭২ [উক্ত অধ্যাদেশের ধারা ৬(৪)] এর সহিত পঠিতব্য-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। (১) সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন—এই বিধিমালা চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুল্কায়ন বিশেষ কার্যপ্রণালী বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাং মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক "অধ্যাদেশ" অর্থ মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (১৯৯১ সনের ২৬ নং অধ্যাদেশ) ;

(খ) "কর" অর্থ অধ্যাদেশ এর ধারা ৩ এ উল্লিখিত মূল্য সংযোজন কর এবং ধারা ৭ এ উল্লিখিত সম্পূরক শুল্ক ;

(গ) "ঘোষণাপত্র" অর্থ এই বিধিমালার ফরম 'খ' তে বর্ণিত ঘোষণাপত্র।



মূল্য : ৩০ পয়সা

(ঘ) "প্রবেশপত্র" অর্থ প্রেক্ষাগৃহে প্রবেশের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ফরম 'ক' তে বর্ণিত ইস্যুকৃত বা বিক্রীত টিকেট ;

(ঙ) "প্রবেশ মূল্য" অর্থ প্রবেশ ফি এবং শীতাতপ নিয়ন্ত্রণ ও প্রেক্ষাগৃহের রক্ষণাবেক্ষণের জন্য আদায়কৃত চার্জসমূহের সমষ্টি ;

(চ) "সুপারিনটেন্ডেন্ট" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট।

৩। কর নিরূপণ পদ্ধতি—অধ্যাদেশের অধীনে প্রণীত অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) কর্তৃক প্রদত্ত সেবার উপর আরোপণীয় কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় হইবে।

৪। করারোপের জন্য মূল্য—প্রেক্ষাগৃহ কর্তৃক প্রদত্ত সেবার উপর করারোপের জন্য মূল্যের ভিত্তি হইবে এই বিধিমালার বিধি ২ এর অধীন দফা 'ঙ' তে বর্ণিত প্রবেশ মূল্য।

৫। কর পরিশোধের পদ্ধতি—মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২(১) এর দফা 'ঘ' তে বর্ণিত ফরমে প্রেক্ষাগৃহের মাধ্যমে সেবা প্রদানকারী চলতি হিসাব পুস্তক সংরক্ষণ করিবেন এবং উক্ত বিধিতে বর্ণিত পদ্ধতিতে তৎকর্তৃক প্রদেয় কর পরিশোধ করিতে হইবে। প্রত্যেক মাসের জন্য তাহার সকল করদায়িতার বিবরণ সম্বলিত দাখিলপত্র পরবর্তী মাসের ২০ (বিশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট সুপারিটেনডেন্ট এর নিকট পেশ করিতে হইবে।

৬। প্রবেশ পত্র—প্রেক্ষাগৃহে প্রদর্শিত প্রতিটি শো ( Show ) এর জন্য ভিন্ন ভিন্ন রংয়ের প্রবেশপত্র ইস্যু করিতে হইবে। প্রভাতী, বৈকালিক, সান্ধ্য, নৈশ এবং বিশেষ শো (Show) এর জন্য যথাক্রমে সাদা, সবুজ, গোলাপী, হলুদ এবং ধুসর রংয়ের প্রবেশপত্র ইস্যু করিতে হইবে। প্রতিটি শো এর জন্য নির্দিষ্ট রংয়ের প্রবেশপত্রে স্বতন্ত্র ক্রমিক সংখ্যা থাকিবে এবং প্রবেশ পত্রের ক্রম অনুসারে উহা ইস্যু করিতে হইবে। এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম 'ক' তে প্রবেশপত্রে উল্লেখের জন্য নির্দিষ্ট তথ্যাবলী পারফোরেশন ( Perforation ) এর দ্বারা বিচ্ছিন্ন প্রবেশপত্রের তিনটি অংশে উল্লিখিত হইবে। এইরূপে পারফোরেশন ( Perforation ) এর দ্বারা বিচ্ছিন্ন এবং প্রবেশপত্র পুস্তিকার সহিত সংযুক্ত প্রথম অংশ রেকর্ড হিসাবে প্রেক্ষাগৃহে সংরক্ষণ করিতে হইবে এবং উহার দ্বিতীয় ও তৃতীয় অংশ সেবা গ্রহণকারী (দর্শক)-কে প্রদান করিতে হইবে।

৭। ঘোষণাপত্র দাখিল—(১) সেবা প্রদানকারী প্রেক্ষাগৃহ চালু করার অন্যূন এক সপ্তাহ পূর্বে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম 'খ' তে উল্লেখিত ঘোষণাপত্র দাখিল করিবেন।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত ঘোষণাপত্রে উল্লিখিত তথ্যাবলীর যে কোন পরিবর্তনের ক্ষেত্রে উহা সংগে সংগে সংশ্লিষ্ট কর কার্যালয়কে অবহিত করিতে হইবে। অন্যথায় ঘোষণাপত্রে বর্ণিত তথ্যাবলী সকল সময়েই হালনাগাদ বলিয়া গণ্য হইবে।

৮। দণ্ড—এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে লংঘনকারী ব্যক্তি পঁচিশ হাজার টাকা অথবা প্রেক্ষাগৃহের মাধ্যমে প্রদত্ত সেবার উপর প্রদেয় করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হয়, অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন সম্পর্কিত প্রেক্ষাগৃহ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

ফরম 'খ'

প্রবেশপত্রের নমুনা

(বিধি ২ ও ৬ দ্রষ্টব্য)

| প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা | প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা | প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা |
|---|---|---|
| ক্রমিক নং......তারিখ...... | ক্রমিক নং....তারিখ—— | ক্রমিক নং——তারিখ—— |
| শো ——শ্রেণী—— | শো ——শ্রেণী—— | শো ——শ্রেণী—— |
| প্রবেশ ফি—— | প্রবেশ ফি—— | প্রবেশ ফি—— |
| অন্যান্য চার্জ—— | অন্যান্য চার্জ—— | অন্যান্য চার্জ—— |
| সম্পূরক শুল্ক —— | সম্পূরক শুল্ক —— | সম্পূরক শুল্ক —— |
| মূল্য সংযোজন কর —— | মূল্য সংযোজন কর —— | মূল্য সংযোজন কর —— |
| মোট —— | মোট —— | মোট —— |

ফরম 'খ'

ঘোষণা পত্রের নমুনা

(বিধি ২ ও ৭ দ্রষ্টব্য)

নিয়ন্ত্রণকৃত চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) এর তথ্যাবলী সম্বলিত ঘোষণাপত্র

বরাবর,

সুপারিনটেন্ডেন্ট

........................

........................।

১। প্রেক্ষাগৃহের নাম : ..........................................

২। ঠিকানা : ..........................................

৩। নিবন্ধন নম্বর : ..........................

৪। প্রেক্ষাগৃহের শ্রেণীবিন্যাস, আসন সংখ্যা, ইত্যাদি ........................

| শ্রেণী বিভাগ | আসন সংখ্যা | প্রবেশ ফি | অন্যান্য চার্জ | অন্যান্য চার্জসহ সর্বমোট প্রবেশ ফি। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (ক) ........... | | | | |
| (খ) ........... | | | | |
| (গ) ........... | | | | |
| (ঘ) ........... | | | | |

নোট

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরি-উক্ত ঘোষণা আমার/আমাদের জানামতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

প্রেক্ষাগৃহ কর্তৃপক্ষের
স্বাক্ষর ও সিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আতিকুর রহমান,
দ্বিতীয় সচিব (আবগারী)।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।